

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন  
প্রধান কার্যালয়  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
www.sfdf.org.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.২৩.১৩২.১৫.- ৪৭৬ (৩)

তারিখ: ১৭/১২/১৪২২ বঙ্গাব্দ  
৩১/০৩/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষা প্রযোদনা নীতিমালা, ২০১৬

১। শিক্ষা প্রযোদনা প্রবর্তনের লক্ষ্যঃ

ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর কৃতি সন্তানদের মাঝে শিক্ষা প্রযোদনা প্রদানের মাধ্যমে তাঁদেরকে লেখাপড়ার ক্ষেত্রে উৎসাহ প্রদান ও পিছিয়ে পড়াদের মাঝে উদ্দীপনা সৃষ্টিই এ প্রযোদনা প্রবর্তনের মূল লক্ষ্য।

২। নামকরণঃ

এই নীতিমালাটি ফাউন্ডেশনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের শিক্ষা প্রযোদনা নীতিমালা, ২০১৬ নামে অভিহিত হবে।

৩। শিক্ষা প্রযোদনা প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নীতিসমূহ অনুসৃত হবেঃ-

৩.১। ফাউন্ডেশন এবং ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়নযীন সকল প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের জন্যও এ নীতিমালা প্রযোজ্য হবে।

৩.২। কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের পি.এস.সি/জে.এস.সি/এস.সি/এইচ.এস.সিপ্রীফায় জিপিএ ৫ প্রাপ্তদের এ প্রযোদনা প্রদান করা হবে।

৩.৩। প্রযোদনা প্রদানের জন্য নির্ধারিত আবেদন ফরম সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক ব্যবহারে পাঠাতে হবে।

৩.৪। প্রত্যেকটি পরীক্ষার ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যে নির্ধারিত আবেদন ফরমের মাধ্যমে বিষয়ানুযায়ী আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট পরীক্ষার সাময়িক সনদপত্র, প্রশংসাপত্র এবং নবৰপত্র সংযোজন করতে হবে।

৩.৫। এ সংক্রান্ত কমিটি সভা করে আবেদনপত্রের সকল তথ্যাদির স্ব-পক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি রয়েছে কিনা এবং তার সঠিকতা যাচাই-বাচাই করে প্রযোদনা প্রদানের বিষয়ে সুপারিশ পেশ করবে। এ কমিটির সদস্যদের সন্তানগণ প্রার্থী হলে তাঁদের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত কমিটি বিষয়টি ব্যবস্থাপনা পরিচালকের নিকট পেশ করবে এবং তাঁর নির্দেশনামতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.৬। আর্থিক প্রযোদনা প্রদানের পরিমাণ বর্তমানে নিম্নরূপ করা যায় যা পরবর্তীতে আবেদনকারীর সংখ্যা এবং ফাউন্ডেশনের আর্থিক সঙ্গতি সাপেক্ষে হাস/বৃদ্ধি করা যাবেঃ-

ক্র. নং	পরীক্ষার বিবরণ	প্রযোদনার পরিমাণ (টাকা)	
		১-১০ গ্রেডভুক্ট পদ	১১-২০ গ্রেডভুক্ট পদ
১	পি.এস.সি	২,০০০.০০	৩,০০০.০০
২	জে.এস.সি	৩,০০০.০০	৪,০০০.০০
৩	এস.এস.সি	৪,০০০.০০	৫,০০০.০০
৪	এইচ.এস.সি	৫,০০০.০০	৬,০০০.০০
৫	বিশেষ প্রযোদনা	৬,০০০.০০	৭,০০০.০০

৩.৭। কর্মকর্তা/কর্মচারীর জিপিএ ৫ প্রাপ্ত সন্তানদের আর্থিক প্রযোদনার সাথে একটি শিক্ষা প্রযোদনা সনদ প্রদান করা হবে।


৩.৮। কর্মকর্তা/কর্মচারীকে সন্তানের জিপিএ ৫ প্রাপ্তি বিষয়ে অভিনন্দন পত্র দেয়া হবে।

৩.৯। “ফাউন্ডেশনের এসএফডিএফ কর্মকর্তা/কর্মচারী কল্যাণ ত্বকিল” নামীয় হিসাব থেকে প্রযোদনা প্রদান করা হবে।

৩.১০। কর্মকর্তা/কর্মচারীর সন্তানদের মধ্যে যে সকল সন্তান ৪টি পরীক্ষার মধ্যে কমপক্ষে ৩ টিতে জিপিএ-৫ প্রাপ্ত হবে তাঁদেরকে বিশেষ প্রযোদনা প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে এ বিষয়টি এইচ.এস.সি পরীক্ষা শেষে বিবেচনা করা হবে এবং এ জন্য সংশ্লিষ্ট অভিভাবককে এইচ.এস.সি পরীক্ষার ফলাফল প্রকাশের ৩ মাসের মধ্যে অনুচ্ছেদ ৩.৬ অনুসরণে আর্থিক প্রযোদনা, ৩.৭ অনুসরণে শিক্ষা প্রযোদনা সনদ এবং ৩.৮ অনুসরণে অভিনন্দন পত্র প্রদান বিষয়ে একটি প্রজ্ঞাপন প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্টদের বর্তমান কর্মসূলে প্রেরণ করা হবে।

৩.১১। প্রতিটি পরীক্ষার ফলাফল প্রকাশের ৩ মাসের মধ্যে অনুচ্ছেদ ৩.৬ অনুসরণে আর্থিক প্রযোদনা, ৩.৭ অনুসরণে শিক্ষা প্রযোদনা সনদ এবং ৩.৮ অনুসরণে অভিনন্দন পত্র প্রদান বিষয়ে একটি প্রজ্ঞাপন প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্টদের বর্তমান কর্মসূলে প্রেরণ করা হবে।

৩.১২। ফাউন্ডেশনের আর্থিক সংগতি সাপেক্ষে কৃতী ছাত্র-ছাত্রীদের জন্য সংবর্ধনার আয়োজন করা যেতে পারে।



(এ. এইচ. এস. আহসানুল্লাহ)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন-০২-৮১৮০১৫০

md.sfdf@yahoo.com

অনুলিপি-সদয় কার্যালয়ে/অবগতিঃ

- ১। ফাউন্ডেশন এবং দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী।
- ২। ফাউন্ডেশন এবং দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের সকল আঞ্চলিক ব্যবস্থাপক, সকল আঞ্চলিক কার্যালয়।
- ৩। সিনিয়র উপজেলা ব্যবস্থাপক/উপজেলা কার্যালয়/উপ-আঞ্চলিক কার্যালয়।
- ৪। উপ-আঞ্চলিক ব্যবস্থাপক, সকল উপজেলা কার্যালয়/উপ-আঞ্চলিক কার্যালয়।
- ৫। সিনিয়র মাঠ কর্মকর্তা/মাঠ কর্মকর্তা/মাঠ সংগঠক।
- ৬। ফাউন্ডেশন ও দারিদ্র্য বিমোচনে এসএফডিএফ কার্যক্রম সম্প্রসারণ প্রকল্পের সকল কর্মচারী সকল আঞ্চলিক কার্যালয়।
- ৭। সংশ্লিষ্ট নথি।
- ৮। অফিস কপি।